

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
(www.tmed.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৮৫.১০৬.০২৭.১৬ (অংশ)-৯৬

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
১৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: জনাব মো: কায়েদে আমিন, প্রভাষক(রাষ্ট্রবিজ্ঞান), চরশাহী ইসলামীয়া আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর কর্তৃক  
আনীত অভিযোগ তদন্ত কার্যক্রমের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ব্যাখ্যা প্রদান সংক্রান্ত।

- সূত্র: (১) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৮৫.১০৬.০২৭.১৬(অংশ)-০৮, তারিখ: ০৯/০১/২০১৭খ্রিঃ।  
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.১৭.০০৪.১৭-২৭২, ০৬/০৮/২০১৭খ্রিঃ।  
(৩) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং ৫৭.০০.০০০০.০৮৫.১০৬.০২৭.১৬(অংশ)-৬৭৯, তারিখ: ২৪/১০/২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্মারক নং-১ এর মাধ্যমে জনাব মো: কায়েদে আমিন, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান), চরশাহী ইসলামীয়া আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর কর্তৃক আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হয়। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক স্মারক নং-২ এর মাধ্যমে পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব ড. মোহাম্মদ ছরওয়ার আলম এর তদন্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তদন্ত পরিচালনাকালে উক্ত মাদ্রাসার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এবং কমিটির সদস্যদের এ বিষয়ে বক্তব্য গ্রহণ না করায় পক্ষপাত মূলকভাবে তদন্ত কার্যক্রম পরিচালনা ও জোরপূর্বক অধ্যক্ষের নিকট থেকে কায়েদে আমিনের চাকুরি সন্তোষজনক মর্মে প্রত্যয়ন পত্রে স্বাক্ষর করার ও তদন্তের নোটিশে প্রভাষক কায়েদে আমিনের পদবী সহকারী অধ্যাপক হিসেবে উল্লেখ করা সংক্রান্ত অভিযোগ করা হয়। সে প্রেক্ষিতে স্মারক নং-৩ এর মাধ্যমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব (মাদ্রাসা) এর মাধ্যমে পুনরায় তদন্ত করা হয়। তদন্তে পরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব ড. মোহাম্মদ ছরওয়ার আলম এর কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হয়নি মর্মে প্রতীয়মান।

২। এমতাবস্থায়, ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে দিয়ে ভবিষ্যতে কোন তদন্ত না করাসহ তাকে ‘সর্তক’ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ’ল।

(মো: আবদুল খালেক)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনাব ড. মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ৫। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ’ল)
- ৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।